



## ভারতে চিকিৎসাধীন অবস্থায় কারিনা কায়সারের মৃত্যু



কারিনা কায়সার। ছবি : সংগৃহীত

কনটেন্ট ক্রিয়েটর ও অভিনেত্রী কারিনা কায়সার মারা গেছেন। ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন। লিভারজনিত জটিলতায় আক্রান্ত হওয়ার পর ভারতের চেন্নাইয়ে চিকিৎসাধীন অবস্থায় শুক্রবার (১৫ মে) তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

তার মৃত্যুর খবর নিশ্চিত করেছেন বাবা ও জাতীয় ফুটবল দলের সাবেক খেলোয়াড় কায়সার হামিদ। তিনি জানান, চিকিৎসার সময় হঠাৎ কারিনার রক্তচাপ আশঙ্কাজনকভাবে কমে যায়। পরে চিকিৎসকরা সর্বোচ্চ চেষ্টা চালালেও তাকে আর ফিরিয়ে আনা সম্ভব হয়নি।

শারীরিক অবস্থার অবনতি হলে প্রথমে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে তাকে লাইফ সাপোর্টে রাখা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য এয়ার অ্যাম্বুলেন্সে চেন্নাই নেওয়া হয়। সেখানে ভেলোরের খ্রিস্টান মেডিক্যাল কলেজ হাসপাতালে তার চিকিৎসা চলছিল।

পরিবার সূত্রে জানা গেছে, প্রথমে জ্বর ও সংক্রমণে আক্রান্ত হন কারিনা। পরবর্তীতে হেপাটাইটিস এ ও ই-জনিত জটিলতায় তার লিভার ফেইলিউর দেখা দেয়। অবস্থার অবনতি হলে তাকে আইসিইউতে স্থানান্তর করা হয়।

কনটেন্ট ক্রিয়েটর হিসেবে জনপ্রিয়তা পেলেও সাম্প্রতিক সময়ে অভিনয় ও চিত্রনাট্য লেখার কাজ নিয়েও ব্যস্ত ছিলেন তিনি। তার মৃত্যুতে শোবিজ অঙ্গনে নেমে এসেছে শোকের ছায়া। সামাজিক যোগাযোগমাধ্যমে সহকর্মী, নির্মাতা ও ভক্তরা গভীর শোক প্রকাশ করছেন।